ঝিনাইদহ-যশোর মহা সড়কে দুর্ঘটনার অভিযুক্ত ট্রাক চালক আটক

ঝিনাইদহের কালীগঞ্জে মর্মান্তিক দুর্ঘটনায় ১২ জন নিহতের ঘটনায় অভিযুক্ত ট্রাকের চালক রনি গাজী (২৮) কে গ্রেফতার করেছে হাইওয়ে পুলিশ।

শুক্রবার রাতে যশোরের বেনাপোল সীমান্ত থেকে তাকে আটক করা হয়। এছাড়াও কালীগঞ্জ ট্রাক টার্মিনাল থেকে ট্রাকটি জব্দ করা হয়।

আটককৃত ট্রাক চালক রনি যশোরের শার্শা উপজেলার সনাতনকাটি গ্রামের মশিয়ার রহমান গাজীর ছেলে। বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার রাতে বেনাপোল সামান্ত এলাকায় অভিযান চালায় তারা। এসময় ভারতে পালিয়ে যাওয়ার সময় রনি গাজীকে আটক করা হয়।

গত ১০ ফেব্রুয়ারি কালীগঞ্জ থানায় হাইওয়ে পুলিশের ওসি শেখ মেজবাহ উদ্দিন বাদি হয়ে অজ্ঞাতদের আসামী করে মামলা দায়ের করেন। সেই মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়।

উল্লেখ্য, গত বুধবার বিকেলে কালীগঞ্জ উপজেলার বারোবাজারে যশোর থেকে ছেড়ে আসা মাগুরাগামী জে কে পরিবহণের একটি বাস ও ট্রাকের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ৯ জন ও পরে আরও ৩ জন মারা যায়। ঘটনার পর থেকে পলাতক ছিল ট্রাকের চালক।

কালীগঞ্জে এবার চায়ের দোকানে ঢুকলো ট্রাক! আহত ৪

কালীগঞ্জ হক চিড়ার মিল এলাকায় এক পথচারীকে বাঁচাতে গিয়ে সবজি বাহী অবৈধ আলমসাধুর (শ্যালো চালিত যান) সাথে সংঘর্ষের পর

নিয়ন্ত্রণ হারিয়ে চায়ের দোকানে ধাক্কা দিল বেপরোয়া ট্রাক। এতে চায়ের দোকানে থাকা তিন জন ও আলমসাধুর চালক গুরুতর আহত হয়েছেন।

আহতদের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করার পর গুরুতর আহত তিনজনকে যশোর ২৫০ শয্যা হাসপাতালে রেফার্ড করা হয়েছে। আহতরা হলেন আলমসাধু চালক দয়াপুর গ্রামের আয়ুব হোসেনের ছেলে বিপুল হোসেন (৩৫), তালসার গ্রামের সাবজাল হোসেন (৫৫), দামোদর পুর গ্রামের আঃরাজ্জাক (৫০), মধুগঞ্জ বাজার এলাকার মুশফিকুর রহমান টুটুল (৪৯)। আহতরা সকলেই কালীগঞ্জ এলাকার বাসিন্দা।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মামুনুর রশিদ জানান, ঝিনাইদহের দিক থেকে একটি ট্রাক যশারের দিকে যাচ্ছিল। পথমধ্যে হক চিড়ামিল এলাকায় পৌঁছালে এক পথচারীকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাচা সবজিবাহী আলমসাধু গাড়িকে ধাক্কা দিয়ে পাশের একটি চা দোকানের উপর উঠে যায়।

এ সময় দোকানে বসে থাকা টুটুল হোসেন, সাবজাল হোসেন, আব্দুর রাজ্জাক নামে তিনজন আহত হয়। এরমধ্যে আব্দুর রাজ্জাক চা দোকানী।

চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় রেলইয়ার্ড শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ট্রাকের ধাক্কায় সাজু আহম্মেদ (২৩) নামের এক রেলইয়ার্ড শ্রমিক নিহত হয়েছেন।

বুধবার সকালে দর্শনা রেলবন্দরে এ দূর্ঘটনা ঘটে। নিহত সাজু আহম্মেদ দর্শনা পৌর এলাকার শান্তিনগর গ্রামের মহিদুল ইসলামের ছেলে।

দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান জানান, বুধবার সকালে দর্শনা রেলইয়ার্ডে ভারত থেকে আসা মালবাহী ট্রেন থেকে পণ্য খালাসের কাজ করছিলো সাজুসহ কয়েক শ্রমিক।

এসময় খালাসকৃত পণ্যবোঝাই একটি ট্রাক (ঢাকা মেট্রো-১৩-৫৩৪৩) পেঁছাতে গেলে ট্রাক ও মালবাহী ট্রেনের মাঝে পড়ে পিষ্ট হয় সাজু। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে সাজুর মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদহের কালীগঞ্জে বাস উল্টে নিহত-১০, আহত-২০

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারো বাজার এলাকায় যাত্রীবাহী বাস উল্টে দশজন নিহত হয়েছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

তবে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ এর তথ্য সুত্রে জানা গেছে।

তিনি জানান, বুধবার (১০ ফেব্রুয়ারি) বিকাল ৩টার দিকে উপজেলার বারবাজার এলাকায় যশোর দিক থেকে ছেড়ে আসা কষ্টিয়াগামী গড়াই পরিবহনের সাথে একটি ট্রাকের সংঘর্ষ হলে বাসটি রাস্তার ধারে উল্টে যায়া। খবর পেয়ে ঘটনাস্থলে এসে ১০ জনের লাশ উদ্ধার করা হয়েছে। এখনও উদ্ধারকাজ চলমান রয়েছে।

নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানান ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা।

কুষ্টিয়ার মিরপুরে সড়ক

দুর্ঘটনায় মহিলার মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে যাত্রীবাহী বাসের সাথে শ্যালোইঞ্জিন চালিত ট্রলির মুখোমুখী সংঘর্ষের পর ট্রলির ধাক্কায় ভানু খাতুন (৪৩) নামের এক নারীর মৃত্যু হয়েছে।

শনিবার দুপুরে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের মিরপুর উপজেলার ভাঙ্গাবটতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভানু খাতুন মিরপুর পৌরসভা এলাকার মুন্তা আলীর স্ত্রী।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, দুপুরে মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী একটি যাত্রীবাহী বাস ভাঙ্গাবটতলা নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি শ্যালোইঞ্জিন চালিত ট্রলির মুখোমুখী সংঘর্ষ হয়।

এসময় শ্যালোইঞ্জিন চালিত ট্রলিটি রাস্তার পাশে উল্টে পড়ে। সেখানে দাঁড়ানো অবস্থায় ভানু খাতুনকে ট্রলি চাপা দিলে গুরুতর আহত হয়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

তার মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানোর প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গার মাধবপুরে স্টেয়ারিং গাড়ির ধাক্কায় খাদিজা খাতুন (৪) বছরের শিশুর করুণ মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে শিশুটির মৃত্যু হয়।

খাদিজা রাস্তা পার হওয়ার সময় রাস্তার দু-দিক থেকে আসা গাড়ির মুখোমুখি হলে বাড়ির দিকে দৌড় দেয়। এ সময় খাদিজার সাথে স্ট্রেয়ারিং গাড়িতে ধাক্কা লাগে।

এতে তার মাথায় ও বুকে গুরুত্বর আঘাত হয়। পরিবারের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক খাদিজাকে মৃত ঘোষণা করে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে শিশু খাদিজার ১ম জানাজা মাধবপুর প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। পরর্বতীতে বিকালে তার পিতার বাড়ি হালসায় ২য় জানাজার নামাজ শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

কুষ্টিয়ায় ট্রাকচাপায় ইটভাটা শ্রমিক নিহত

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকচাপায় চান্দু আলী মল্লিক (৫২) নামে এক ইটভাটা শ্রমিক নিহত হয়েছেন। বুধবার (৩ ফেব্রুয়ারি) সকালে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের নওপাড়া বাজারে এ দূর্ঘটনা ঘটে।

নিহত চান্দু আলী মল্লিক মিরপুর পৌরসভার নওয়াপাড়া গ্রামের মৃত আজিজুল মল্লিকের ছেলে।

মিরপুর থানার উপপরিদর্শক (এসআই) মাফিজুর রহমান এ তথ্য নিশ্চিত করে বলেন, সকালে ইটভাটায় সাইকেলযোগে যাওয়ার পথে কুষ্টিয়া- মেহেরপুর সড়কের নওপাড়া বাজারের নিকট একটি বালি বোঝাই ট্রাক চান্দু আলী মল্লিককে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে ঘটনাস্থল থেকে তার লাশ উদ্ধার করে থানায় এনে রাখা হয়েছে। তবে ট্রাক চালককে আটক করা যায়নি বলে জানান তিনি।

শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় নিহত এক

শৈলকুপা উপজেলার ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আরিফ শেখ (৬৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

নিহত ব্যক্তি শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের রানীনগর গ্রামের বাসিন্দা। তিনি চড়িয়ারবিল মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তারির কাজ করেন।

স্থানীয় এলাকাবাসী সূত্রে জানা যায়, তিনি রাস্তা পার হচ্ছিলেন এমন সময় শ্যামলী পরিবহনের একটি গাড়ী এসে তাকে ধাক্কা দিয়ে চলে যায় এবং তিনি ঘটনাস্থলে নিহত হন।

শৈলকুপা থানা অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

মুজিবনগরে আলগামনের ধাক্কায় এক শিশু নিহত

মেহেরপুরে রাস্তা পারাপারের সময় আলগামনের (স্যালো মেশিন চালিত যান) ধাক্কায় নূর (২) নামের এক শিশু নিহত হয়েছে। নিহত নূর মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মো. রুবেল হোসেনের ছেলে।

আজ রবিবার বেলা সাড়ে ১২টার দিকে মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী বাজারে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মোনাখালী বাজারে শিশু নূর রাস্তার অপর পাশে তার দাদীকে দেখে দৌড়ে রাস্তা পার হতে যায়। এ সময় দ্রুত বেগে আসা সার ভর্তি আলগামন তাকে ধাক্কা দেয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গায় রাস্তার প্রাইভেট ঢুকলো মোবাইলের দোকানে

আলমডাঙ্গা শহরে নিয়ন্ত্রণ হারিয়ে প্রাইভেট গাড়ি মোবাইলের দোকানে প্রবেশ করে । প্রাইভেট গাড়ির ধাক্কায় মোবাইলের দোকানের ডেকোরেশনসহ বিভিন্ন মালামাল ভেঙ্গে তছরুপ হয়। এ ঘটনায় দোকানে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে মিডিয়া ওয়াল্ডের মালিক শরিফ হোসেন জানান।

জানা গেছে, উপজেলার হারদি ইউনিয়ন আওয়ামী লীগের নেতার প্রাইভেট কার তার ভাগ্নে চালিয়ে আলমডাঙ্গা শহরে যায়।

ব্যস্ততম শহরের রাস্তার দারুস সালাম রোডের হয়ে শহরের মেইন রাস্তায় উঠতে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে দ্রুত গতিতে উঠে যায় মিডিয়া ওয়াল্ড নামের মোবাইলের দোকানে।

এ ঘটনায় মোবাইলের দোকানের মালিকসহ কর্মচারী আহত হয়। এ ঘটনায় মোবাইলের দোকানে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়।